



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, ঢাকা

ঢাকা দক্ষিণ অঞ্চল

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২নং ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ খালেদুজ্জামান চৌধুরী, পিতাঃ মোঃ আবদুল খালেক, মাতাঃ মোসাঃ মিলন চৌধুরী, বাসা/হোস্টিং: ৭১, ব্লক ডি- জিয়ানগর রোড, ডাকঘর- চুনকুটিয়া, সুভাডডা থানা-কেরানীগঞ্জ, ঢাকা। তার নিজ মালিকানাধীন মেসার্স হামিম এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড ইসলামপুর শাখা, ঢাকা হইতে ১৫,০০,০০/- (পনের লক্ষ) টাকা সি.সি. (হাইপো) ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসাবে বন্ধকদাতা হিসেবে যৌথভাবে (১) কে.এম.এ কুদ্দাস ও (২) মোসাঃ কুলসুম বেগম এর নামীয় নিম্নলিখিত তফসীলভুক্ত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখেন। বারবার তলব তাগাদা দিয়াও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করতে পারে নাই। বিগত ২৭.০৮.২০১৮ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের ২১,৬২,৯০৭.১০ (একুশ লক্ষ বাষট্টি হাজার নয়শত সাত টাকা দশ পয়সা) টাকা পাওনা হয়েছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১৫.১০.২০১৮ইং তারিখ বেলা ১(এক) ঘটিকায় মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড ইসলামপুর শাখা, ঢাকা এ রক্ষিত বাস্তব দরপত্র জন্য করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে রেজিস্ট্রী ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকায় সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেডের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবেঃ

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লিখিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিক্রমেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদিও যে কোন পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবেনা। ইহা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য গুরু যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসীল:-

জেলা:- ঢাকা, থানা- দক্ষিণ কেরানীগঞ্জ, সাব-রেজিঃ অফিস- কেরানীগঞ্জ দক্ষিণ, মৌজা-শুভাঢ্যা, জোত নং: ১০৯৬৫, জে এল নং-সি এস এবং এস এ-৪৩৩ আর এস-৮৫, খতিয়ান নং সিএস-৬৩৭, এস এ-৪৮৯, আরএস-৪৬৩, মিউটেশন-৪৬৩, দাগ নং- সি এস এবং এস এ-২০৭৮, আর এস-৩৭৩৮। জমির পরিমাণ-২.০০ ডেসিমাল, টিনশেড ভবনসহ।

মহাব্যবস্থাপক

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।